# সাহিত্য অকাদেমির উদ্যোগে রবীন্দ্রনাথের লেখায় প্রকৃতি ও পরিবেশ নিয়ে আলোচনা




**মেহের সেখ :** কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষ্যে সাহিত্য অকাদেমির উদ্যোগে অকাদেমির প্রধান কার্যালয় নয়া দিল্লিতে সাহিত্য মঞ্চ কার্যক্রমের অঙ্গ হিসাবে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখায় প্রকৃতি ও পরিবেশ বিষয়ে একটি আলোচনাসভার আয়োজন করা হয়। স্বাগত ভাষণ দিয়ে আলোচনাসভার শুভ সূচনা করেন সাহিত্য অকাদেমির সচিব ড. কে. শ্রীনিবাস রাও। স্বাগত ভাষণে ড. কে. শ্রীনিবাস রাও বলেন, বিশ শতকের মহান ব্যক্তিত্ব রূপে রবীন্দ্রনাথ তাঁর লেখায় আর ব্যক্তিগত জীবনে প্রকৃতি ও পরিবেশের যে সম্বন্ধ অনুভব করেছিলেন আজকের দিনে দাঁড়িয়েও তা সমানভাবে প্রাসঙ্গিক। উক্ত আলোচনাসভার অধ্যক্ষ বিখ্যাত ইংরিজি লেখিকা মালাশ্রী লাল নিজের ভাষণে বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর প্রতিটি জন্মদিনে একটি করে কবিতা লিখতেন। তাঁর জীবনে প্রকৃতি ও সঙ্গীতের খুবই প্রভাব ছিল। বক্তা রাধা চক্রবর্তী রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা গীতাঞ্জলি থেকে উদাহরণ দিয়ে বলেন, তিনি মানব জীবন ও বিশ্ব ব্রহ্মাণ্ডকে এক চক্রীয় সম্বন্ধে একে অপরের পরিপূরক বলে মনে করতেন। বক্তা রেবা সোম রবীন্দ্রনাথের বিভিন্ন গানে প্রকৃতি নিয়ে বলতে গিয়ে বলেন, রবীন্দ্রনাথের ২৮৩টি গানে প্রকৃতির বর্ণনা রয়েছে। বক্তা রেখা সেঠী রবীন্দ্রনাথের বিপুল সাহিত্য সম্ভার স্মরণ করতে গিয়ে বলেন, তিনি ভারতের সাংস্কৃতিক ব্যবস্থাকেও পরিবেশের সঙ্গে সঞ্চালিত বলে মনে করতেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাহিত্য অকাদেমির উপসচিব ড. দেবেন্দ্রকুমার দেবেশ।